

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
সাপাহার, নওগাঁ।



doict.sapahar.naogaon.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.৬৪৮৬.০০১.৩১.০০৪.১৮-

তারিখঃ ১৭/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ই-নথি বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্মারক নং ৫৬.০৪.০০০০.০১০.২০.০০৩.১৯-১৮২০; তারিখ: ১৮/০৫/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে দাপ্তরিক কার্যক্রম জনবান্ধব (সমন্বিত সরকারি সেবা কাঠামোর মাধ্যমে ঘরে বসে নাগরিক সেবার আবেদন গ্রহণ, স্বয়ংক্রিয়ভাবে রশিদ প্রাপ্তি ও সেবা প্রদান), গতিশীলতা (সর্বদা ও সর্বত্র ব্যবহারযোগ্য), টেকসই (অনলাইন রক্ষণাবেক্ষণ ও ব্যবহার), স্বয়ংক্রিয়তা (স্বয়ংক্রিয়ভাবে প্রাপক বরাবর পত্রজারি ও সার্ভিস ডেলিভারী) ও স্বচ্ছতা (নথির স্থান ও গতিবিধি ট্র্যাকিং) আনয়নের অংশ হিসেবে ই-নথি কার্যক্রম বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর অধীনে এবং এটুআই প্রোগ্রামের সহযোগিতায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাপাহার, নওগাঁ এর সম্মিলিত আয়োজনে বিভিন্ন সরকারী দপ্তর হতে ২০ (বিশ) জন কর্মকর্তা ও কর্মচারীর জন্য ই-নথি বিষয়ক প্রশিক্ষণ আগামী ২২-২৩ জুন, ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯টা হতে বিকাল ০৫টা পর্যন্ত সাপাহার উপজেলা পরিষদ হল রুমে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ শেষে আবশ্যিকভাবে ই-নথি লাইভ সার্ভারস্ অনলাইন নথি সিস্টেমে নথি কার্যক্রম শুরু করার বিষয়ে নির্দেশনা রয়েছে। এমতাবস্থায় সংযুক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে তাঁর নিজ দপ্তরের উদ্যোগে সংগৃহিত প্রয়োজনীয় ল্যাপটপ, মাউস, চার্জার ও মডেম (যদি থাকে) সঙ্গে নিয়ে নির্ধারিত তারিখ সকাল ০৯ ঘটিকার সময়ে উপজেলা পরিষদ হল রুমে উপস্থিত থেকে ০২ দিন ব্যাপী প্রশিক্ষণ সাফল্য মন্ডিত করার জন্য অনুরোধ করা হলো।

০২) দাপ্তরিক নথি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী গণের ই-নথি সার্ভারে ব্যবহারকারী আইডি তৈরি লক্ষ্যে ব্যবহারকারী আইডি তৈরির তথ্যছক প্রেরণ করা হলো এবং প্রয়োজনীয় তথ্যাবলী পূরণপূর্বক প্রশিক্ষণ চলাকালীন সময়ের মধ্যে তথ্যছক সমূহ ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৩) উল্লেখ্য যে প্রশিক্ষণ চলাকালীন সময়ে করোনা মহামারীর বিষয়ে সরকারী নির্দেশনা অনুযায়ী আবশ্যিকভাবে মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

০১) প্রশিক্ষণার্থীগণের তালিকা: ০১ (এক) পাতা।

০২) আইডি তৈরির তথ্যছক: ০১ (এক) পাতা।

(কল্যাণ চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
সাপাহার, নওগাঁ।

জনাব

পদবী:

দপ্তর:

সাপাহার, নওগাঁ।

স্মারক নং: ৫৬.০৪.৬৪৮৬.০০১.৩১.০০৪.১৮-

তারিখঃ ১৭/০৬/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০২। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।

০৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নওগাঁ।

(মোহাঃ মোস্তাকিম হোসেন)

সহকারী প্রোগ্রামার

সাপাহার, নওগাঁ।

মোবাইলঃ ০১৭১৯৪৭৩৫৬৬

ইমেইলঃ mostakcseiu@yahoo.com